আমন্ত্রণ রক্ষা করে দক্ষিণ এশিয়া সফরের অংশ হিসাবে মঙ্গলবার তিনি সস্ত্রীক বাংলাদেশে এসেছিলেন। বিদায়ের আগে এ সফর সম্পর্কে বিমানবন্দরে সাংবাদিকদের কাছে সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় তিনি বলেন, প্রধামন্ত্রীসহ বাংলাদেশের অন্য নেতৃবৃন্দের সঙ্গে তাঁর খুবই ভাল আলোচনা হয়েছে। এছাড়া রাজেন্দ্রপুরে বাংলাদেশ সেনাবাহিনীর পিসকিপিং ট্রেনিং সেন্টারের কার্যক্রম দেখে খুশি হবার কথা তিনি বিশেষভা

# লাইব্রেরী সায়েন্স কোর্স কোথায় করবেন?

বর্তমানে আমাদের দেশে লাইব্রেরীয়ানদের বেশ চাহিদা রয়েছে। লাইব্রেরী সায়েন্স
কোর্সটি করে আপনি হতে পারেন একজন দক্ষ ও অভিজ্ঞ লাইব্রেরীয়ান, এতে রয়ে
আর্থিক সচ্ছলতার নিশ্চয়তা।

**কোথায় কোর্স করবেন ঃ** শাহবাগস্থ বেগম সুফিয়া কামাল পাবলিক লাইব্রেরীর মূল
ভবনের নিচতলায় বাংলাদেশ গ্রন্থাগার সমিতির লাইব্রেরী ট্রেনিং ইনস্টিটিউট। এ
ইনিস্টিটিউটের লাইব্রেরী প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা করছে। লাইব্রেরী এসোসিয়েশন
বাংলাদেশ (ল্যাব) এ ইনস্টিটিউটে ২টি কোর্স করানো হয়। (১) সার্টিফিকেট কোর্স ও
ডিপ্লোমা কোর্স।

**ডিপ্লোমা কোর্স ঃ** এ কোর্সটির মেয়াদ এক বছর। এ কোর্সটি করতে হলে গ্রাজুয়েশন
থাকতে হবে। সেশন শুরু হয় জুলাই মাসে, শেষ হয় পরবর্তী বছরের জুন মাসে। উ
শিক্ষাদানের লক্ষ্যে 'এ', 'বি', 'সি' এবং 'ডি'– এই চারটি গ্রুপে ভাগ করা হয়। এ
কোর্সটির জন্য রয়েছে দু'টি সেশন। প্রথমত ঃ জানুয়ারী থেকে জুন পর্যন্ত এবং জুল
থেকে ডিসেম্বর পর্যন্ত দ্বিতীয় সেশনটি, ছাত্রছাত্রীদের সঠিক প্রশিক্ষণের লক্ষ্যে এ
কোর্সটিকে 'এ' এবং 'বি' দু'টি গ্রুপে ভাগ করা হয়। 'এ' গ্রুপের সময় সাড়ে ৩টা থে
সাড়ে ৪টা এবং 'বি' গ্রুপের ক্লাসের সময় সাড়ে ৪টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত। এ কে
আপনি ঢাকা ছাড়াও চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, টাঙ্গাইল ও ময়মনসিংহে পাবলিক
লাইব্রেরী থেকে করতে পারেন। এ গ্রুপের ক্লাস দেড়টা থেকে আড়াইটা, 'বি' গ্রুপে
আড়াইটা থেকে সাড়ে ৩টা, 'সি' গ্রুপের সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা এবং 'ডি' গ্রু
সাড়ে ৪টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত। এ কোর্সটি ঢাকা ছাড়াও চট্টগ্রাম, নরসিংদী,
সিরাজগঞ্জ, ময়মনসিংহ ও খুলনায় অবস্থিত পাবলিক লাইব্রেরী থেকেও করতে পারে
কোর্সে ভর্তি ফি ৪১৬০ টাকা এবং মাসিক টিউশন ফি ২০০ টাকা।

**সার্টিফিকেট কোর্স ঃ** এ কোর্সটির সময়কাল মাত্র ৬ মাস। কোর্সটি করতে হলে আ
এইচএসসি অথবা 'ও' লেভেল সম্পন্ন করতে হবে।

তা ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরী ও
ব্যান্সডকেও কোর্সটি করতে পারেন। কোর্সের ভর্তি ফি ২১৬০ টাকা। আজকাল লা
কোর্সটির অনেক চাহিদা থাকায় প্রশিক্ষণও নিচ্ছে অনেক ছাত্রছাত্রী। তাই স্বাবলম্বী
আপনিও বেছে নিতে পারেন এ কোর্সটি। দেরি না করে আগেভাগেই যোগাযোগ
... সংশ্লিষ্ট ইনস্টিটিউটে।